

কারা অধিদপ্তর আভ্যন্তরীণ সংবাদ প্রবাহ-১

(০১ ডিসেম্বর ২০২৪ হতে ১৫ ডিসেম্বর ২০২৪)

কারা অধিদপ্তরের ব্যবস্থাপনায় কর্মকর্তা-কর্মচারীদের পবিত্র হজ পালনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কারা অধিদপ্তর কর্তৃক গঠিত কমিটি প্রাপ্ত আবেদন গুলো যাচাই-বাছাই পূর্বক সং, ধার্মিক, দক্ষ, শৃঙ্খল ও সন্তোষজনক আচরণের ভিত্তিতে সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর মো: মাহবুব মোরশেদ মিয়া এবং সহকারী প্রধান কারারক্ষী নং ২১৬৫২ মো: মোস্তফা কামালকে চূড়ান্তভাবে নির্বাচিত করা হয়েছে। ভবিষ্যতে এই সুযোগ আরো বৃদ্ধির পরিকল্পনা রয়েছে।



মো: মোস্তফা কামাল
সহকারী প্রধান কারারক্ষী নং ২১৬৫২



মো: মাহবুব মোরশেদ মিয়া
সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর

কারাগারে অবৈধ মাদকের অনুপ্রবেশ ঠেকাতে তল্লাশী ও নিরাপত্তা ব্যবস্থা জোরদারের লক্ষ্যে সেনাবাহিনীর সহযোগিতায় ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ এবং কাশিমপুর কারা কমপ্লেক্সে ডগ স্কোয়াড মোতায়েনের কার্যক্রম চালু করা হয়েছে। এই কাজে সহযোগিতা করার জন্য কারা অধিদপ্তর বাংলাদেশ সেনাবাহিনীকে ধন্যবাদ জ্ঞাপন করছে। ভবিষ্যতে প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে কারা অধিদপ্তরে নিজস্ব ডগ স্কোয়াড ইউনিট চালুর পরিকল্পনা রয়েছে।



ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ



কাশিমপুর কারা কমপ্লেক্স


মৌলিক প্রশিক্ষণে প্রশিক্ষকদের বিশেষ ব্যাজ (ইনসিগনিয়া) চালু করা হয়েছে।



কারা কর্মকর্তা-কর্মচারীদের শারীরিক ফিটনেসের জন্য ট্রাউজার, ট্রাকসুট ও কেডস প্রদানের ব্যবস্থা করা হয়েছে।



প্যাকেটজাত আটা কারাগার গুলোতে যথা সময়ে সরবরাহ এবং বিতরণ হচ্ছে কিনা তা মনিটরিং করা হচ্ছে।



কারা কর্মকর্তা/কর্মচারীদের প্রণোদনা সঠিক সময়ে প্রদান করা হয় কি না তা মনিটরিং করা হচ্ছে।



কারা অধিদপ্তর কর্তৃক নির্দেশিত অর্জিত ছুটি কর্মকর্তা-কর্মচারীদের যথাযথভাবে প্রদান করা হচ্ছে কিনা তা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে।

স্টাফদের বেতন-ভাতা, ভ্রমণ বিল প্রদান এবং এলপিসি সঠিক সময়ে প্রেরণ করা হচ্ছে কিনা তা মনিটরিং করা হচ্ছে।

কারা কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মৌলিক প্রশিক্ষণে ০৬ মাসে ০৬টি ফায়ারিং অনুশীলনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

বন্দিদের আমিষের চাহিদা পূরণের লক্ষ্যে বরাদ্দকৃত মাছ-মাংসের পরিমাণ বৃদ্ধির কার্যক্রম চলমান রয়েছে।

পদোন্নতিপ্রাপ্ত জেলারদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে রিফ্রেশার্স কোর্সের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

কারা অধিদপ্তর হতে বিভাগ বদলী স্টাফদের ক্ষেত্রে পুঞ্জানুপুঞ্জ তথ্য-উপাত্ত বিশ্লেষণ পূর্বক পদায়ন করা হচ্ছে। এক্ষেত্রে সুশৃঙ্খল কর্মকর্তা-কর্মচারীগণের উদ্বিগ্ন বা আতঙ্কিত হওয়ার প্রয়োজন নেই। এছাড়াও বিভাগের বাইরে শৃঙ্খলাজনিত কারণে বদলীপ্রাপ্ত কর্মচারীদের কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে এবং নতুন কর্মস্থলে শৃঙ্খলা ও কাজের মান সন্তোষজনক হলে পুনরায় পূর্ববর্তী বিভাগে পদায়নের উদ্যোগ নেয়া হবে।

উক্ত বিষয়সমূহ সকল পর্যায়ের সদস্যদের জ্ঞাতার্থে রোলকল/দরবারে পড়ে শুনানোর জন্য অনুরোধ করা হলো।



বাংলাদেশ জেল